



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম





ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।  
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal\_citycollege\_ctg@yahoo.com  
ওয়েব সাইট : www.gccc.edu.bd.

বিজ্ঞপ্তি

তারিখ : ০৭/০৯/২০২২

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম এর উদ্যোগে ২০২১ সালে প্রথমবারের মত **JOURNAL OF GOVT. CITY COLLEGE, CHATTOGRAM (ISSN : 2789-942X)** নামে একটি পিয়ার রিভিউড জার্নাল প্রকাশ করা হয়। সে ধারাবাহিকতায় এবছর উক্ত জার্নালের দ্বিতীয় ভলিউম প্রকাশ করা হবে। জার্নালে প্রকাশের জন্য আগ্রহী লেখকগণকে সংযুক্ত নিয়মাবলি মোতাবেক আগামী ১০ অক্টোবর, ২০২২ খ্রি. এর মধ্যে সংযুক্ত নিয়মাবলিতে উল্লিখিত ঠিকানায় ও ই-মেইলে গবেষণা প্রবন্ধ প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

  
(প্রফেসর ড. সুদীপা দত্ত)  
অধ্যক্ষ  
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

  
(প্রফেসর জাভেদ মোস্তফা)  
আহ্বায়ক  
জার্নাল প্রকাশনা কমিটি-২০২২  
সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম

স্মারক নং-সসিক/২৪৬৩/৭

তারিখ : ০৭/০৯/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হলঃ

১. মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ঢাকা
৩. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), শিক্ষা মন্ত্রণালয়, নিউমার্কেট, ঢাকা-১২০৫
৪. অধ্যক্ষ, .....
৫. উপাধ্যক্ষ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম
৬. শিক্ষকবৃন্দ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম
৭. অফিস নথি





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম



ফোন নং-৬৩৬০৫১, ৬২৬২০৪, ৬২৬৬০৩, ফ্যাক্স : ৬১৯৪৬৮।  
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, principal\_citycollege\_ctg@yahoo.com  
ওয়েব সাইট : www.gccc.edu.bd.

## নিয়মাবলি

১. বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সকল কর্মকর্তা/শিক্ষক, সাধারণ শিক্ষা সংশ্লিষ্ট স্বীকৃত বিশ্ববিদ্যালয় এবং গবেষণা প্রতিষ্ঠানে গবেষণারত ব্যক্তিবর্গের গবেষণা প্রবন্ধ এ জার্নালে প্রকাশের জন্য অগ্রাধিকার পাবে।
২. প্রমাণ সাইজের কাগজ লেখার জন্যে ব্যবহার করতে হবে। পাতার চারদিকে অন্তত এক ইঞ্চি (২.৫৪ সেমি) পরিমাণ মার্জিন থাকবে। প্রতি লাইনের একেবারে শেষ ডানদিকে হাইফেন দেওয়া পরিহার করতে হবে।
৩. প্রবন্ধের ভাষা বাংলা অথবা ইংরেজি হবে। প্রবন্ধটির ফন্ট বাংলার ক্ষেত্রে Bijoy SutonnyMJ এবং ইংরেজির ক্ষেত্রে Times New Roman হতে হবে। ফন্টের আকার বাংলায় ১৪ (চৌদ্দ) এবং ইংরেজিতে ১২ (বার) হবে।
৪. প্রবন্ধের একটি সারসংক্ষেপ (Abstract) অনূর্ধ্ব ২০০ শব্দের মধ্যে হতে হবে এবং Keywords সর্বোচ্চ ৮ টি হতে পারবে।
৫. প্রবন্ধ অনূর্ধ্ব ৫০০০ (পাঁচ হাজার) শব্দের মধ্যে হওয়া বাঞ্ছনীয়।
৬. বাংলা একাডেমি কর্তৃক প্রণীত সর্বশেষ বাংলা বানানরীতি অনুসরণ করতে হবে। বিদেশি নাম বা শব্দ প্রথম বন্ধনীতে প্রথমবার ইংরেজিতে লিখতে হবে।
৭. প্রবন্ধ লেখার সময় রেফারেন্স এর ক্ষেত্রে APA style 7<sup>th</sup> edition অনুসরণ করতে হবে। যদি কৃতজ্ঞতা স্বীকার থাকে তাহলে রেফারেন্স এর পূর্বে হবে এবং পরিশিষ্ট (সংক্ষিপ্ত) রেফারেন্স এর পরে হবে।
৮. প্রবন্ধের লেখক তার সংক্ষিপ্ত পরিচিতি (নাম, পদবী এবং প্রতিষ্ঠানের নাম) এবং যোগাযোগের জন্যে ইমেইল এড্রেস ও মোবাইল নম্বর একটি আলাদা পৃষ্ঠায় (প্রথম পৃষ্ঠায়) হবে যা লেখক কর্তৃক স্বাক্ষরিত হতে হবে। প্রবন্ধের শিরোনাম, abstract, keywords সম্বলিত পৃষ্ঠা (দ্বিতীয় পৃষ্ঠা) দিয়ে মূল প্রবন্ধ শুরু হবে।
৯. টেবিল, গ্রাফ, ম্যাপ, ছক, ডায়াগ্রাম ইত্যাদি ব্যবহার করা যাবে এবং সেক্ষেত্রে ধারাবাহিকভাবে নম্বর দিতে হবে এবং পৃষ্ঠার নম্বর উল্লেখ করতে হবে।
১০. প্রবন্ধের সাথে লেখক নিম্নলিখিত মর্মে একটি প্রত্যয়ন পত্র জমা দিবেন।
  - ✓ প্রবন্ধটি তাঁর নিজস্ব পান্ডুলিপি এবং একটি মৌলিক প্রবন্ধ।
  - ✓ প্রবন্ধটি ইতিপূর্বে কোথাও প্রকাশ করা হয়নি।
  - ✓ প্রবন্ধটি রাষ্ট্রের সার্বভৌমত্ব, রাজনৈতিক আদর্শ, ধর্মীয় মূল্যবোধ, সমাজ ও সংস্কৃতির সাথে সাংঘর্ষিক নয়।
১১. অমনোনীত কোনো পান্ডুলিপি ফেরত দেওয়া হবেনা। তবে লেখককে প্রকাশিত লেখাগুলোর দুটি সৌজন্য কপি পাঠানো হবে।
১২. Plagiarism এর বিষয়ে লেখককে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। এক্ষেত্রে অন্যের লেখা হবহ বা অন্যের ধারণা বা চিন্তা থেকে কোনো লেখা অনুসরণ করতে হলে তা অবশ্যই রেফারেন্স প্রদান বাঞ্ছনীয়।
১৩. প্রবন্ধের সফটকপি ইমেইলে adishon1971@gmail.com এবং দুটি হার্ডকপি প্রফেসর জাভেদ মোস্তফা, বিভাগীয় প্রধান, পদার্থবিজ্ঞান বিভাগ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম ঠিকানায় প্রেরণ করতে হবে।
১৪. প্রকাশনা সংক্রান্ত যে কোন তথ্যের জন্যে ড. নীলাক্ষি দিদার, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ, সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম এর সাথে ই-মেইল: nilakshi1509@yahoo.com এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।